

"Financial support to the students of NER for higher professional courses" (NEC Merit Scholarship)2020-21 Fresh সম্পর্কিত বিজ্ঞপ্তি।

ভারত সরকারের DONER মন্ত্রণালয়ে অন্তর্গত NECs শিলং এর সেহা নং No.NEC/HRD&E/159/DBT-NSP/2019(Pt) Dated.18th August,2020 এর নির্দেশিকা মূলে উচ্চশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ২০২০-২১ শিক্ষাবর্ষে রাজ্যে ও বহিঃরাজ্যে Diploma/Degree/Post Graduate/M.Phil,Ph.D কোর্সে পাঠরত ছাত্র/ছাত্রীদের "Financial support to the students of NER for higher professional courses" (NEC Merit Scholarship) 2020-21 fresh প্রদানের জন্য নিম্নলিখিত নীতি নির্দেশিকা জারি করা হয়েছে:-

উক্ত নির্দেশিকা মোতাবেক ছাত্র/ছাত্রীদের National Scholarship Portal (www.scholarship.gov.in) এর মাধ্যমে অবশ্যই online আবেদন করতে হবে। ইচ্ছুক ছাত্র/ছাত্রীরা NSP Mobile app or UMANG Mobile App ব্যবহার মাধ্যমে ও দরখাস্তের ফর্ম পূর্ণ করতে পারবে।

অনলাইনে আবেদন করার শর্তাবলী :-

- ১। ছাত্র-ছাত্রীকে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর পারিবারিক বাৎসরিক আয় ৮ (আট লাখ) টাকার মধ্যে হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক প্রদেয় পারিবারিক বাৎসরিক আয়ের শংসাপত্র অনলাইনে আপলোড করতে হবে (মাসিক আয়ের শংসাপত্র গণ্য করা হবে না)।
- ৩। আবেদনকারীর আধার নাম্বার নিজ নিজ ব্যাঙ্ক একাউন্ট এর সংগে সংযোগস্থাপন থাকতে হবে।
- ৪। আবেদনকারীর ৬০ শতাংশ সামগ্রিক নম্বর (60% marks in aggregate) অবশ্যই থাকতে হবে।

- ১) আবেদন করার সময়সীমা ১৬ই আগস্ট, ২০২০ ইং তারিখ থেকে ৩১শে অক্টোবর, ২০২০ ইং তারিখ পর্যন্ত।
- ২) শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান (Head of the Institutions) দ্বারা আবেদনপত্র Online ভেরিফিকেশন ১৫ই নভেম্বর ২০২০ ইং তারিখের মধ্যে বাধ্যতামূলক ভাবে করতে হবে। বিস্তারিত ভাবে জানার জন্য NECর NSP portal (www.scholarship.gov.in) এর সাহায্য নিতে পারবে।

ছাত্র-ছাত্রীদের অনলাইনে দরখাস্ত জমা দেওয়ার পর সেই অনলাইনের দরখাস্তটি প্রিন্টর কপি এবং অন্যান্য প্রমাণপত্রের জেরক্স কপি সমেত নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে অনলাইনে ভেরিফিকেশন করতে হবে এবং পরবর্তী কালে স্টেট অনুমোদন এর জন্য সরাসরি উচ্চশিক্ষা দপ্তরের ষ্টাইপেন্ড সেকসনে আগামী ১৫ই নভেম্বর ২০২০ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে এর পর জমা করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

উচ্চশিক্ষা দপ্তরে Fresh Application print copy জমা দেওয়ার সময় নিম্নলিখিত জেরক্স কপি সমূহ জমা দিতে হবে:-

- ১। পি.আর.টি.সি/সিটিজেনশিপ ২। আধার নম্বর ৩। বার্থ সার্টিফিকেট/মাধ্যমিক এডমিট ৪। ছাত্র-ছাত্রীর নিজস্ব ব্যাঙ্ক একাউন্ট নম্বর এবং আই.এফ.এস.কুড নম্বর সংগে পাসবুকের প্রথম পৃষ্ঠার জেরক্স কপি। ৫। মোবাইল নম্বর ৬। বার্ষিক ইনকাম সার্টিফিকেট ৬। পারিবারিক রেশনকার্ড ৭। মার্কশিট কপি ৮। ১ কপি পাসপোর্ট সাইজের ফটো।

এই বিজ্ঞপ্তি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণকে ছাত্র-ছাত্রীদের গোচরে নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

উল্লেখ থাকে যে নির্ধারিত সময়ের মধ্যে online আবেদন না করিলে, পরবর্তী সময়ে Scholarship না পেলে কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকিবে না।

অধিকর্তা
উচ্চশিক্ষা দপ্তর